তারিখ: 22 AUG 2016
পৃষ্ঠা: ৪ কলাম: ১

সমকাল

# উচ্চশিক্ষায় ৪৫ ভাগ ছাত্রী

## —শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নারী শিক্ষাই নারীর ক্ষমতায়নের 'মূল ভিত্তি'। মেয়েরা স্কুল-কলেজ পর্যায়ে ভালো করছে। ছেলেদের থেকে তারা পিছিয়ে নেই। ৪৫ শতাংশ মেয়ে শিক্ষার্থী এখন বিশ্ববিদ্যালয় পর্যায়ে পড়াশোনা করছে। আগামী ছয়-সাত বছরের মধ্যে উচ্চশিক্ষায়ও ছেলেমেয়ে সমতা অর্জিত হবে।

গতকাল রোববার রাজধানীর ইডেন কলেজ মিলনায়তনে প্রতিষ্ঠানটি আয়োজিত এক আলোচনা সভায় শিক্ষামন্ত্রী এ তথ্য জানান।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে এ আলোচনা সভার আয়োজন করে ইডেন কলেজ কর্তৃপক্ষ।

ইডেন কলেজের অধ্যক্ষ গায়ত্রী চ্যাটার্জীর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন-শিক্ষা-সচিব সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামান, অধ্যাপক মুক্তিরাণী সাহা প্রমুখ।